

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
সিটি কর্পোরেশন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.০২.০৫৬.২০১৯.৩০৯

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪২৮  
১৭ মে ২০২১

বিষয়: খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ও ক্ষতিগ্রস্ত রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থ বছরের আরএডিপিতে জিওবি খাতে বরাদ্দকৃত অর্থ হতে ৩য়-৪র্থ কিস্তি বাবদ অর্থ ছাড়করণে সম্মতি প্রদান।


সূত্র: খুলনা সিটি কর্পোরেশনের পত্র সংখ্যা কেসিসি/পুঃবিঃ/২০২১/১০৫৩, তারিখ: ৬/৫/২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন “খুলনা সিটি কর্পোরেশনের গুরুত্বপূর্ণ ও ক্ষতিগ্রস্ত রাস্তা উন্নয়ন ও পুনর্বাসন” শীর্ষক প্রকল্পের অনুকূলে চলতি ২০২০-২১ অর্থ বছরে আরএডিপিতে জিওবি খাতে ৮০০০.০০ লক্ষ (আশি কোটি) (আবর্তক খাতে ৯১.০০ লক্ষ এবং মূলধন খাতে ৭৯০৯.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়। ইতোমধ্যে ১ম-২য় কিস্তি বাবদ ৩০০০.০০ লক্ষ (ত্রিশ কোটি) (আবর্তক ৩৪.১২ লক্ষ এবং মূলধন ২৯৬৫.৮৮ লক্ষ) টাকা ছাড় করা হয়েছে।

২। বর্গিতাবস্থায়, এ প্রকল্পের অনুমোদিত বিভাজন অনুযায়ী (১৫% সংরক্ষিত রেখে অনূর্ধ্ব ৮৫% ব্যয় করা যাবে মর্মে অর্থ বিভাগের সিদ্ধান্তের আলোকে) ৩য়-৪র্থ কিস্তি বাবদ অবশিষ্ট ৩৮০০.০০ লক্ষ (আটত্রিশ কোটি) (আবর্তক ৫৬.৮৮ লক্ষ এবং মূলধন ৩৭৪৩.১২ লক্ষ) টাকা অবমুক্তিতে সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি:

১. অনুমোদিত নোট সিটের সত্যায়িত কপি
২. অর্থ ছাড়ের প্রস্তাব সংলগ্নি-৪ ও সংলগ্নি-৫
৩. ব্যাংক হিসাববিবরণী



মোহাম্মদ জাহিরুল ইসলাম  
উপসচিব

ফোন: ৯৫৪৫৪১৬

ই-মেইল: [lgcc2@lgd.gov.bd](mailto:lgcc2@lgd.gov.bd)

সিনিয়র সচিব

অর্থ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১]

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন, খুলনা।
২. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ)।